মেহেরপুরে গ্যাস সিলিন্ডারের ডিলারকে জরিমানা

গ্যাস বিক্রির ভাউচার না দেওয়া ও গ্যাসের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ব্যবসায়ীকে ১০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়।

অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।
এসময় তাকে সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক ও স্যানিটারি ইন্সপেক্টর মো: তারিকুল ইসলাম।

আজ (৫ জুলাই) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক সদর উপজেলার কেশবপাড়া ও বড় বাজার এলাকায় অভিযান পরিচালিত হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ বলেন, গ্যাস বিক্রির ভাউচার না দেওয়া ও গ্যাসের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৪৫ ধারায় কেশবপাড়ার মেসার্স আগরওয়ালা এন্টারপ্রাইজ নামক গ্যাসের ডিলার প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

অভিযানে কাঁচাবাজার, গ্যাস সিলিন্ডার, মুদিখানাসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

এছাড়া বড় বাজারে মরিচসহ বিভিন্ন সবজি, মাছের বাজার ও মুদিদোকানে অভিযানে সবাইকে পণ্যের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ ও যথাযথভাবে মুল্যতালিকা প্রদর্শন এবং ন্যায্যমূল্যে পণ্য বিক্রির ব্যাপারে সতর্ক করা হয়।